

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৫৯৭

পর্ব-১১: হজ (এআևনা باتك)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - 'আরাফায় অবস্থান প্রসঙ্গে

আরবী

وَعَن خالدِ بنَ هَوْذَةَ قَالَ: رَأَيْتُ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ النَّاسَ يَوْمَ عَرَفَةَ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ النَّاسَ يَوْمَ عَرَفَةً

বাংলা

২৫৯৭-[৬] খালিদ ইবনু হাওযাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে উটের উপর চড়ে 'আরাফার দিনে দু' পাদানীতে পা রেখে সওয়ার অবস্থায় ভাষণ দিতে দেখেছি। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ১৯১৭, আহমাদ ২০৩৩৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আবৃ 'আমর ইবনু 'আলী হতে আল আসমা'ঈ বর্ণনা করেন 'আদা তার ভাই হারমালাহ্ ও তাদের দু'জনের পিতা ইসলাম গ্রহণ করেছিলেন। তারা দু'জন তাদের সম্প্রদায়ের নেতা ছিলেন। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খুযা'আহ্-এর নিকট দু'জনের ইসলাম গ্রহণের সুসংবাদ পাঠালেন। 'আরাফার দিন দ্বিপ্রহরের পরে উটে চড়ে থেকে তাদের হজ্জের কার্যাবলী শিক্ষা দিতেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন